



স্মারক নং : বুটেক্স/একা/১৭০/২০২৫/

তারিখ : ২৬/০১/২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম লেভেল-১ টার্ম-১ (সেশন: ২০২৫-২৬) এ ভর্তির জন্য ০৯/০১/২০২৬ তারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষার ১৫/০১/২০২৬ তারিখে প্রকাশিত ফলাফল এবং ভর্তি কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্বাচিত প্রার্থীসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বিভাগ নির্ধারণপূর্বক ভর্তির নিমিত্ত ছকে উল্লেখিত তারিখ ও সময়-সূচী অনুযায়ী ভর্তিচ্ছুক প্রার্থীদের এই বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হওয়ার জন্য নির্দেশ প্রদান করা হ'ল :

মেধাক্রম	সাক্ষাৎকারের তারিখ ও প্রার্থীর উপস্থিতির সময়	স্থান
মেধাক্রম ১ থেকে ৬৩০ পর্যন্ত মোট ৬৩০ জন (নির্বাচিত)। উপজাতী কোটা মেধাক্রম-৬৬০ ও ৯২০, মোট ০২ জন (নির্বাচিত)।	০৯/০২/২০২৬ তারিখ সোমবার সকাল ৮:৩০ থেকে ৯:৩০ টার মধ্যে নির্বাচিত প্রার্থীরা তাদের উপস্থিতি নিশ্চিত করবে। সকাল ১০:০০ টা থেকে দুপুর ১:০০ টার মধ্যে উপস্থিত প্রার্থীদের মেধাক্রমানুসারে ভর্তি করা হবে।	বাংলাদেশ টেক্সটাইল বিশ্ববিদ্যালয়

নির্বাচিত প্রার্থীগণকে বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নিম্নোক্ত ধাপসমূহ অনুসরণ করতে হবে :

ধাপসমূহ	করণীয়	স্থান
ধাপ-১	বিভাগ নির্ধারণী Choice Form, স্বাস্থ্য পরীক্ষার ফরম এবং ভর্তি ফরম বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট হতে ডাউনলোডপূর্বক প্রয়োজ্য অংশ যথাযথভাবে পূরণ করে আনতে হবে।	সংশ্লিষ্ট ফরমসমূহ বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.butex.edu.bd) এ পাওয়া যাবে।
ধাপ-২	উপস্থিতি নিশ্চিতকরণ	বিশ্ববিদ্যালয় অডিটোরিয়াম
ধাপ-৩	বিভাগ নির্ধারণী সাক্ষাৎকার	কনফারেন্স হল (কক্ষ নং ২০৩)
ধাপ-৪	ভর্তি ফি ও মেডিকেল ফি জমা প্রদান	
ধাপ-৫	স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট সংগ্রহ	মেডিকেল সেন্টার
ধাপ-৬	(ক) প্রয়োজনীয় কাগজপত্র (মূল কপি ও সত্যায়িত অনুলিপি) ১. এসএসসি ও এইচএসসি পরীক্ষার মার্কসীট এবং প্রশংসাপত্র ২. এইচএসসি এর রেজিস্ট্রেশন কার্ড (খ) অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র (মূল কপি) ১. ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ২. বিভাগ নির্ধারণী Choice Form (কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত) ৩. সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজ ছবি ৪. স্বাস্থ্য পরীক্ষার রিপোর্ট ৫. ভর্তি ফি বাবদ ১৯,৯০০/- (উনিশ হাজার নয়শত) টাকা ও মেডিকেল ফি বাবদ ২০০/- (দুইশত) টাকাসহ মোট ২০,১০০/- (বিশ হাজার একশত) টাকা জমা প্রদানের রশিদ।	(ক) কাগজ পত্র যাচাইয়ের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে জমা দিতে হবে। (খ) কাগজ পত্র যাচাই এর পর পূরণকৃত ভর্তি ফরমসহ উল্লেখিত কাগজপত্র সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে জমা দিতে হবে।



২। উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত সনদ (মূল ও এক কপি সত্যায়িত অনুলিপি) এবং গোত্রের মোড়ল/হেডম্যান/গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সনদ যা স্থানীয় উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক কর্তৃক প্রতীক্ষাক্রমিত হতে হবে (মূল ও এক কপি সত্যায়িত অনুলিপি)।


স্বাক্ষরিত/-
(অধ্যাপক ড. রাশেদা বেগম দিনা)
রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব)

তারিখ : ২৬/০১/২০২৬ খ্রিঃ

স্মারক নং : বুটেক্স/একা/১৭০/২০২৫/৭২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. ডীন, সকল অনুষদ, বুটেক্স।
২. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, বুটেক্স।
৩. পরিচালক (শিক্ষার্থী কল্যাণ), বুটেক্স।
৪. প্রভোস্ট, সকল হল, বুটেক্স।
৫. প্রক্টর, বুটেক্স।
৬. সভাপতি, আইটি সার্পেট কমিটি (এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট নির্বাচিত প্রার্থীদেরকে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ), বুটেক্স।
৭. উপ পরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব দপ্তর (ভর্তি ফি জমা নেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), বুটেক্স।
৮. উপ-পরিচালক, অডিট সেল, বুটেক্স।
৯. মেডিক্যাল অফিসার (নির্বাচিত প্রার্থীদের স্বাস্থ্য পরীক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), বুটেক্স।
১০. এস্টেট ও নিরাপত্তা শাখা, বুটেক্স।
১১. আইসিটি সেল (ভর্তি বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ), বুটেক্স।
১২. পিএস টু ভিসি (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), ভিসি অফিস, বুটেক্স।
১৩. বিশ্ববিদ্যালয়ের নোটিশ বোর্ড, বুটেক্স।
১৪. সংশ্লিষ্ট নথি।


(মুহাম্মদ শরীফুর রহমান)
ডেপুটি রেজিস্ট্রার (এইচআর)